

বাংলাদেশ দূতাবাস
ওয়াশিংটন, ডিসি
পাসপোর্ট ও ভিসা উইং
www.bdembassyusa.org

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.২০১.৩৩.০০৫.২২.৫৫

তারিখঃ ১১ অক্টোবর ২০২২


বিষয়: পাসপোর্ট সেবা প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) রিইস্যু পুনরায় চালুকরণ।
সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের বহিরাগমন-৪ শাখার স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৩.৩৬.০০১.২২.১৭০,
তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, যুক্তরাষ্ট্রে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের আওতাধীন দেশ/অঞ্চলসমূহে এবং মিশন হতে দূরবর্তী যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্যসমূহে বসবাসরত প্রবাসী বাংলাদেশী নাগরিকগণকে পাসপোর্ট সেবা প্রদানের লক্ষ্যে বিদ্যমান ই-পাসপোর্টের পাশাপাশি আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত এমআরপি রিইস্যুর আবেদন গ্রহণ করা হবে।

২। এমতাবস্থায়, নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিচের ছকে উল্লিখিত দেশ/অঞ্চল/অঙ্গরাজ্যসমূহে বসবাসরত প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ (যাদের বৈধ/মেয়াদোত্তীর্ণ এমআরপি রয়েছে) ই-পাসপোর্টের পাশাপাশি বিকল্প হিসেবে এমআরপি রিইস্যুর আবেদন শুধু ডাকযোগে এ দূতাবাসে প্রেরণ করতে পারবেন।

বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি আওতাধীন দেশসমূহ	কলম্বিয়া, গায়ানা, বেলিজ, হাইতি, ডোমিনিকান রিপাবলিক
যুক্তরাষ্ট্রের আওতাধীন অঞ্চলসমূহ	নর্দার্ন ম্যারিয়ানা আইল্যান্ড, গুয়াম, আমেরিকান সামোয়া, পোয়ের্তো রিকো, ইউএস ভার্জিন আইল্যান্ডস
দূতাবাস হতে দূরবর্তী যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্যসমূহ	ওয়েস্ট ভার্জিনিয়া, দেলাওয়ার, পেনসিলভানিয়া, ওহাইও, কেনটাকি, নর্থ ক্যারোলিনা, ইন্ডিয়ানা, ইলিনয়, মিশিগান, উইসকন্সিন, মিনেসোটা, নর্থ ড্যাকোটা, সাউথ ড্যাকোটা, মনটানা, নেব্রাস্কা, কলোরাডো, নিউ মেক্সিকো, টেক্সাস, ওকলাহোমা, ক্যানসাস, আইওয়া, মিসৌরি, আলাস্কা, হাওয়াই
দূতাবাসের নিকটবর্তী যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্যসমূহ	ডিসট্রিক্ট অব কলম্বিয়া, মেরিল্যান্ড, ভার্জিনিয়া (শুধু সেসব আবেদনকারী যাদের অনুকূলে সশরীরে দূতাবাসে আসতে সক্ষম নয় মর্মে চিকিৎসকের প্রত্যয়ন রয়েছে)
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মায়ামি, ফ্লোরিডার আওতাধীন যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্যসমূহ	ফ্লোরিডা, জর্জিয়া, অ্যালাবামা, মিসিসিপি, লুইজিয়ানা, আরকান্সাস, টেনিসি, সাউথ ক্যারোলিনা (বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মায়ামি, ফ্লোরিডাতে পাসপোর্ট সেবা চালু না হওয়া পর্যন্ত)

৩। ই-পাসপোর্ট সেবা পূর্বের ন্যায় অব্যাহত থাকবে। যেহেতু ই-পাসপোর্টের মেয়াদ ১০ (বছর) পর্যন্ত নেওয়ার সুযোগ রয়েছে, সেহেতু অনিবার্য কারণে দূতাবাসে আসতে অক্ষম না হলে আবেদনকারীগণকে ই-পাসপোর্ট সেবা গ্রহণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, যাদের সর্বশেষ বাংলাদেশী পাসপোর্টটি হাতে লেখা তারা শুধু ই-পাসপোর্টের জন্য আবেদন করতে পারবেন।


(মুহাম্মদ আবদুল হাই মিলটন)
প্রথম সচিব

বিতরণ: সর্বসাধারণের জ্ঞাতার্থে

১। দূতাবাসের ওয়েবসাইট (www.bdembassyusa.org)

২। দূতাবাসের ফেসবুক পেইজ (www.facebook.com/BangladeshEmbassyUSA)

অনুলিপি:

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

৩। সকল কর্মকর্তা, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি

৪। রাষ্ট্রদূতের ব্যক্তিগত কর্মকর্তা (মান্যবর রাষ্ট্রদূতের সদয় অবগতির জন্য)